

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.২২৬.১৯-৩৬৫

তারিখ: ২৪ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি: বিভিন্ন অপরাধে ১১৬টি প্রতিষ্ঠানকে ৪.৪৬ লক্ষ টাকা জরিমানা

২৩ অক্টোবর ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্য লয় বিভাগীয় ও জেলা কার্য লয়ের ৪৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, শেরপুর, নরসিংদী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ফরিদপুর, গাজীপুর, টাঙ্গাইল, শরীয়তপুর, মুন্সীগঞ্জ, মাদারীপুর, নেত্রকোণা, কক্সবাজার, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, মাগুরা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, খুলনা, বাগেরহাট, কুষ্টিয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, বরিশাল, পিরোজপুর, বরগুনা, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট ও পঞ্চগড়-এ বাজার তদারকি কার্য ক্রম পরিচালনা করা হয়।

ঢাকা বিভাগীয় কার্য লয়ের সহকারী পরিচালক জনাব মো: মাসুম আরেফিন, জনাব ফাহমিনা আক্তার, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্য লয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক রমনা ও মোহাম্মদপুর এলাকায় বাজার তদারকি কার্য ক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'এনজয় রেস্টুরেন্ট' ও 'শাহিন স্টোর' কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'পিরোজপুর জেনারেল স্টোর', 'আল আকসা স্টোর', 'দোকান নং ৭/৪০', 'দোকান নং ৭/৪১', 'দোকান নং ৭/৩৫', 'দোকান নং ৭/৩৩', 'সোহাগের সবজি দোকান' ও 'জহিরের দোকান' কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থ ১৭ গত ২৩ অক্টোবর ২০১৯ তারিখে বিভিন্ন অপরাধে সর্ব মোট ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৪৪টি বাজার তদারকি কার্য ক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য কলাপ ও জনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১০১টি প্রতিষ্ঠানকে ৪,২২,৫০০/- (চার লক্ষ বাইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করায় অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১২,৪০০/- (বার হাজার চারশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আইনানুযায়ী ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে তৎক্ষণাৎ ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা প্রদান করা হয়।

গত ২৩ অক্টোবর ২০১৯ তারিখে সর্বমোট ৪৮টি বাজার তদারকি কার্য ক্রম পরিচালনা ও ৫টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১১৬টি প্রতিষ্ঠানকে মোট ৪,৪৬,৯০০/- (চার লক্ষ ছেচল্লিশ হাজার নয়শত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্য ক্রমে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্প্লেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক (কার্য ক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শনতীর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।